



পশ্চিমবঙ্গ সরকার

কৃষি বিভাগ

## বিশেষ সূচনা

কৃষকভাইদের সুবিধার্থে কৃষি যান্ত্রিকীকরণের প্রকল্পে ২০১৭-১৮ (FSSM / OTA-SFI / CHC)-র সুবিধা পাওয়ার জন্য অনলাইন এবং অফলাইনে আবেদনের শেষ সময়সীমা ৩১-১০-২০১৭ থেকে বাড়িয়ে ০৭-১১-২০১৭ বিকাল ৩:০০ ঘটিকা পর্যন্ত করা হয়েছে। এই সময়সীমার মধ্যে স্মার্টফোন, কম্পিউটার, তথ্যমিত্র কেন্দ্র (CSC) বা কৃষি আধিকারিক (ব্লক / জেলা) করণের মাধ্যমে 'মাটির কথা'-ওয়েবসাইটের ([www.matirkatha.gov.in](http://www.matirkatha.gov.in)) লিঙ্ক থেকে এই আবেদন করা যাবে।

অনলাইন আবেদন পত্রের প্রিন্ট কপি, রসিদ ও অন্যান্য প্রয়োজনীয় নথিপত্র সহ ০৭-১১-২০১৭ বিকাল ৫:৩০ ঘটিকা পর্যন্ত সংশ্লিষ্ট কৃষি আধিকারিক ব্লক বা জেলা (CHC-র ক্ষেত্রে) করণে জমা করা যাবে।

কৃষি যন্ত্রপাতি ভাড়া কেন্দ্র (CHC) স্থাপনের জন্য প্রকাশিত নির্দেশিকায় 'বাধ্যতামূলক তালিকার' সরলীকরণ করা হয়েছে (1710-Nab./9M(Nab)-15/14,dt. 26-10-2017)। যাঁরা CHC-র জন্য আগেই আবেদন করেছেন তাঁরাও সংশ্লিষ্ট জেলা অফিসে পুনরায় আবেদন জমা দিতে পারেন, সেক্ষেত্রে আগের অনলাইন দরখাস্তের প্রিন্ট সহ পরিবর্তিত মেশিনের তালিকা ও কোটেশান জমা দিলেই হবে।

বিশদে জানার জন্য মাটির কথা ওয়েবসাইট দেখা যেতে পারে বা জেলা কৃষি দপ্তরের করণে যোগাযোগ করা যেতে পারে।